ঝিনাইদহের মহেশপুরে ৩৫ কোটি টাকা মুল্যের মাদকদ্রব্য ধ্বংস

ঝিনাইদহ ও চুয়াডাঙ্গা সীমান্ত থেকে উদ্ধার হওয়া ৩৫ কোটি টাকার মাদকদ্রব্য ধ্বংস করেছে মহেশপুরের খালিশপুর ৫৮ বিজিবি। আজ শনিবার (২৮ সেপ্টেম্বর) সকালে খালিশপুর ৫৮ বিজিবির সদর দপ্তরে এ মাদকদ্রব্য ধ্বংস করা হয়।

সেসময় অনুষ্ঠানে বিজিবি’র কুষ্টিয়া সেক্টর সদর দপ্তরের কমান্ডার কর্ণেল মারুফুল আবেদীন, ঝিনাইদহ ও চুয়াডাঙ্গা জেলার চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, মাদক দ্রব্য নিয়ন্ত্রন অধিদপ্তরের কর্মকর্তাসহ অন্যান্যরা উপস্থিত ছিলেন। অনুষ্ঠানে আলোচনা শেষে কার্যক্রমের উদ্বোধন করা হয়।

বিজিবি জানায়, ২০২৩ সালের ১৪ মার্চ থেকে ২০২৪ সালের ৩১ জানুয়ারি পর্যন্ত ঝিনাইদহ ও চুয়াডাঙ্গা সীমান্ত থেকে উদ্ধার হওয়া ১২ হাজার ৪’ ৬৩ বোতল ভারতীয় ফেন্সিডিল, ১৩ বোতল সিরাপ, ৪৯ হাজার ৮০ বোতল মদ, ৭৬ কেজি গাজা, এবং ৮’শ ৭১ পিচ ভারতীয় ইয়াবা ট্যাবলেট ধ্বংস করা হয়।

কুষ্টিয়ার মিরপুরে ২৩ কোটি টাকার মাদকদ্রব্য ধ্বংস

কুষ্টিয়ার মিরপুরে প্রায় ২৩ কোটি টাকার বিভিন্ন মাদকদ্রব্য ধ্বংস করেছে বর্ডার গার্ড বাংলাদেশ (বিজিবি)। আজ বুধবার (১৪ ফেব্রুয়ারি) দুপুরে শহীদ কর্ণেল সামসুল আরেফিন হলে এক মাদক বিরোধী সভা শেষে আনুষ্ঠানিকভাবে এসব মাদকদ্রব্য ধ্বংস করে বিজিবি।

কুষ্টিয়া-৪৭ বিজিবির অধিনায়ক লেঃ কর্ণেল আরিফুল হকের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন বিজিবির অতিরিক্ত মহাপরিচালক

ব্রিগেডিয়ার জেনারেল আনোয়ার হোসেন।

এতে বিশেষ অতিথি ছিলেন কুষ্টিয়া সেক্টর কমান্ডার কর্ণেল এমারাত হোসেন, মিরপুর উপজেলা নির্বাহী কর্মকর্তা জহুরুল ইসলাম, দৌলতপুর উপজেলা নির্বাহী কর্মকর্তা আব্দুল কাদের প্রমুখ।

এ সময় অতিথিরা ভারতীয় মদের বোতল ভেঙে ও গাঁজায় আগুন ধরিয়ে ধ্বংস কার্যক্রমের উদ্বোধন করেন। এরপর রোলার দিয়ে মদ ও ফেনসিডিলের বোতল নষ্ট করা হয়।

বিজিবি জানায়, গত এক বছরে বিজিবির জব্দ করা ৮ হাজার ৭শ’ ৯৩ বোতল বিদেশী মদ, ৯ হাজার ৪শ’ ৪২ বোতল ফেনসিডিল, ২শ’ ৩৪ কেজি গাঁজা, ১ লক্ষ ৫৮ হাজার ৫শ’ প্যাকেট পাতার বিড়ি, ১ হাজার ৭৮ পিচ ইয়াবা, কোকেন সাড়ে ৯ কেজি, ভায়াগ্রা ৪শ’ ৪৫ পিচ, ২৭ কেজি ৬শ’ গ্রাম হেরোইন ও বিভিন্ন প্রকার ট্যাবলেট ৩ লক্ষ ৫১ পিচ। যার আনুমানিক মূল্য প্রায় ২৩ কোটি টাকা।

বিজিবির অতিরিক্ত মহাপরিচালক ব্রিগেডিয়ার জেনারেল আনোয়ার হোসেন বলেন, ‘সীমান্ত এখন অনেকটাই সুরক্ষিত, বিজিবি চেষ্টা করছে মাদকদ্রব্য পুরোপুরি নিয়ন্ত্রণ করতে।

ঝিনাইদহে বিজিবি’র অভিযানে উদ্ধার হওয়া ৮ কোটি টাকার মাদকদ্রব্য ধ্বংস

ঝিনাইদহের মহেশপুর ও চুয়াডাঙ্গা সীমান্তসহ বিভিন্ন স্থান থেকে উদ্ধার হওয়ায় প্রায় ৮ কোটি টাকা মুল্যের মাদকদ্রব্য ধ্বংস করেছে ৫৮ বিজিবি।

আজ বুধবার (২১জুন) সকালে খালিশপুর ৫৮ বিজিবির হেডকোয়ার্টারে এ মাদক ধ্বংস করা হয়।

অনুষ্ঠানে বিজিবি’র কুষ্টিয়া সেক্টর কমান্ডার কর্ণেল এমারাত

হোসেন, ৫৮ বিজিবির অধিনায়ক মাসুদ পারভেজ, মহেশপুর উপজেলা নির্বাহী কর্মকর্তা নয়ন কুমার রাজবংশীসহ অন্যান্যরা উপস্থিত ছিলেন।

সেসময় ২০২১ সালের ১৩ মার্চ হতে চলতি বছরের ২১ জুন আটককৃত বিভিন্ন প্রকার দেশি-বিদেশি মদ ধ্বংস করা হয়। যার মধ্যে ভারতীয় ফেনসিডিল, সিরাপ, দেশি-বিদেশি মদ, ইয়াবা, গাজা ও হেরোইন ধ্বংস করা হয়। ধ্বংসকৃত মাদকদ্রব্যের আনুমানিক মূল্য ৮ কোটি ১০ লাখ ৫ হাজার ৯৫৮ টাকা বলে জানিয়েছে মহেশপুর ৫৮ বিজিবি।